

## ■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

ডান হাতে তাসবীহ গণনা করার হাদীছ সমূহ

ডান হাতে তাসবীহ গণনা করার হাদীছ সমূহ:

(1) عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرِو قَالَ رَأَيْتُ رَسُوْلَ اللهِ يَعْقِدُ التَّسْبِيْحَ بِيَمِيْنِهِ.

ইউসায়রা (রাঃ) বলেন, একদা রাসূল (ছাঃ) আমাদেরকে বলেন, তোমরা তাসবীহ, তাহলীল এবং পবিত্রতা বর্ণনা করবে। এতে তোমরা গাফলতি কর না। কারণ তোমরা তাওহীদ ভুলে যাবে। আর তোমরা আঙ্গুলে তাসবীহ বর্ণনা করবে। সেগুলো জিজ্ঞাসিত হবে এবং কথা বলবে।[2]

অতএব ডান হাতের আঙ্গুলে তাসবীহ গণনা করতে হবে। এই আঙ্গুলই তার পক্ষে ক্বিয়ামতের দিন সাক্ষী দিবে এবং সুপারিশ করবে। কিন্তু দানা বা কংকর সাক্ষী দান করবে বলে কোন জাল হাদীছও নেই। বাজারে 'হাযারী তাসবীহ' নামে যে তাসবীহ প্রচলিত আছে, তাও বানোয়াট। এগুলো থেকে সকল মুসলিমকে দূরে থাকতে হবে।

বহু মসজিদে সকাল-সন্ধ্যায় বিদ'আতী যিকিরের যে মেলা বসানো হয়, গোল হয়ে বসে মিথ্যা ও বানোয়াট কাহিনী বর্ণনা করা হয় এবং তাসবীহ দানা দ্বারা যে তাসবীহ জপা হয়, তার সাথে সুন্নাতের কোন সম্পর্ক নেই। এ সমস্ত শরী'আত বিরোধী কর্মকান্ডের বিরুদ্ধে ছাহাবীগণ ছিলেন খড়গহস্ত।[3]

عَنِ الصَّلْتِ بْنِ بُهْرَامٍ قَالَ مَنَّ ابْنُ مَسْعُوْدٍ بِامْرَأَةٍ مَعَهَا تَسْبِيْحٌ تُسَبِّحُ بِهِ فَقَطَعَهُ وَأَلْقَاهُ ثُمَّ مَنَّ بِرَجُلٍ يُسَبِّحُ بِحَصَى فَضَرَبَهُ بِرِجْلِهِ ثُمَّ قَالَ لَقَدْ سَبَقْتُمْ! رَكِبْتُمْ بِدْعَةً ظُلْمًا! وَلَقَدْ غَلَبْتُمْ أَصِحْابَ مُحَمَّدٍ عِلْمًا!

ছালত ইবনু বুহরাম (রাঃ) বলেন, 'ইবনু মাসঊদ (রাঃ) এক মহিলার নিকট দিয়ে যাচ্ছিলেন। তার কাছে দানা ছিল, যার দ্বারা ঐ মহিলা তাসবীহ গণনা করছিল। ইবনু মাসঊদ (রাঃ) সেগুলো কেড়ে নিলেন এবং দূরে ফেলে দিলেন। অতঃপর একজন লোকের নিকট দিয়ে অতিক্রম করলেন সে পাথর কংকর দ্বারা তাসবীহ গণনা করছিল। ইবনু মাসঊদ তাকে নিজের পা দ্বারা লাথি মারলেন। তারপর বললেন, তোমরা অগ্রগামী হয়েছ! আর অন্ধ বিদ'আতের উপর আরোহন করেছ! তোমরাই কি মুহাম্মাদ (ছাঃ)-এর ছাহাবী হিসাবে ইলমের দিক থেকে বিজয়ী হয়েছ![4]

আলবানী বলেন, 'শারঈ যিকির গণনা এটাই সুন্নাত, যা কেবল ডান হাত দিয়ে গুণতে হয়। আর বাম হাত বা দুই হাতে এক সঙ্গে কিংবা কংকর দ্বারা গণনা করা সবই সুন্নাত বিরোধী। কংকর দ্বারা ও দানা দ্বারা তাসবীহ গণনা করা বিশুদ্ধভাবে সাব্যস্ত হয়নি'।[5]



## ফুটনোট

- [1]. আবুদাউদ হা/১৫০২, ১/২১০ পৃঃ; বায়হাকী, আস-সুনানুল কুবরা হা/৩১৪৮; ছহীহ ইবনে হিববান হা/৮৪৩।
- [2]. তিরমিয়ী হা/৩৪৮৬ ও ৩৫৮৩; তিরমিয়ী হা/৩৪৮৬। উল্লেখ্য যে, ভারতীয় ছাপা তিরমিয়ীতে উক্ত অংশ নেই দ্রঃ ২/১৮৬ পৃঃ; মুস্তাদরাক হাকেম হা/২০০৭; সনদ হাসান, আলোচনা দ্রঃ সিলসিলা যঈফাহ হা/৮৩।
- [3]. দারেমী, সিলসিলা ছহীহাহ হা/২০০৫, সনদ ছহীহ।
- [4]. ইবনু ওয়াযযাহ, আল-বিদউ, পৃঃ ২৩, হা/২১; সিলসিলা যঈফাহ হা/৪৩-এর আলোচনা দ্রঃ, সনদ ছহীহ।
- [5]. সিলসিলা যঈফাহ হা/১০০২-এর আলোচনা দ্রঃ- بالمشروع عده إنما هو باليد عده إنما هو باليدين معا وبالحصى كل ذلك خلاف السنة ولم يصبح في العد بالحصى وباليمنى فقط فالعد باليسرى أو باليدين معا وبالحصى كل ذلك خلاف السنة ولم يصبح في العبيدة شي

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1944

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন